

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪২৮৮(আগরতলা ১৮।১২)  
খোয়াই, ১৮ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা**  
**খোয়াইয়ের দুর্গানগরে সুশাসন শিবির**

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি খোয়াই পুর পরিষদ এলাকার দুর্গানগরে এক সুশাসন শিবির অনুষ্ঠিত হয়। দুর্গানগরের হীরক কমপ্লেক্স প্রাঙ্গণে এই শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা, ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা, পুর পরিষদের সদস্য-সদস্যা ও পুর পরিষদের ডেপুটি সিইও হেমন্ত ধর প্রমুখ। শিবিরে ২৩টি পরিবারকে আরওআর ও ২২ জনকে ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়। প্রধানমন্ত্রী আবাস যোজনা-নগর প্রকল্পে ৪ জন সুবিধাভোগী ও স্বচ্ছ ভারত মিশন-নগর প্রকল্পে শৌচালয় নির্মাণের জন্য ৪ জন সুবিধাভোগীর কাছ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে পিএম কিষাণ প্রকল্পে ১ জন কৃষকের কাছ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে স্বাস্থ্য দপ্তর থেকে ৩৩ জন সুবিধাভোগীকে আয়ুষ্মান কার্ডের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। মৎস্য দপ্তর থেকে ৩ জন মৎস্যচাষীকে মাছের প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে। তাছাড়া শিবিরে ৩টি এসসি, ২ ১টি ওবিসি, ৪৫টি পিআরটিসি ও ৪০টি ম্যারেজ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। তাছাড়া ১৭ জন ক্ষুদ্র ব্যবসায়ীর কাছ থেকে ট্রেড লাইসেন্সের আবেদনপত্র গ্রহণ করা হয়।

\*\*\*\*\*